



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা



বিষয়: সেবা প্রধান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রাহেদ হোসেন পরিচালক
সভার তারিখ	১৬ নভেম্বর ২০২২
সভার সময়	দুপুর ১২:৩০ মিনিট
স্থান	সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি সভার সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সে সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা প্রয়োজন। একই সাথে মাঠ পর্যায়ের সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য তাগিদ প্রদান করা আবশ্যিক। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-০১: সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করণের লক্ষ্যে প্রধান কার্যালয়ের ডেস্ক/শাখার কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ০২: সভায় কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার/অবহিতকরণ সভাসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৩: সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ ও বোর্ডে টানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উপপরিচালক (প্রশাসন), প্রোগ্রামার এবং সহকারী প্রকৌশলী জনাব মোঃ খালিদ হোসেন আগামী ৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত-০৪: মাঠ পর্যায়ের সকল দপ্তর আগামী ৩১ ডিসেম্বর ২০২২ এর মধ্যে স্ব স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করে প্রধান কার্যালয়কে অবহিত করবে। একই সময়ে তা স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ৬) উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৭) নির্বাহী প্রকৌশলী: ডেস্ক-১/২/৩/৪, ডিজাইন:১/২/৩/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৮) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১১) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১২) প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৩) উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল)
- ১৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৫) সহকারী প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১৬) পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলী মহোদয়ের জ্ঞাতার্থ)
- ১৭) পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থ)



(ইফতেখার উদ্দিন আহাম্মদ)

প্রোগ্রামার